"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত ১ম প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাসানুজ্জামান কল্লোল<br>সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ | : | ১১/০৯/২০২২ |
| সময় | : | সকাল - ১০:০০ টা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ ও জুম প্লাটফর্ম। |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ১ম প্রান্তিকের নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। যুগ্মসচিব (প্রশাসন) কে আলোচ্যসূচি অনুযায়ী সভা শুরু করতে সভাপতি অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, ২০২২-২২ অর্থবছরের নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের এ সভায় দপ্তর/সংস্থার প্রধানগণসহ কমিটির সকল সদস্য উপস্থিত আছেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনার ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পর্যালোচনা | যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় মোট ১৫ টি কার্যক্রম রয়েছে। এর মধ্যে ১২ টি মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্ধারিত এবং ০৩ টি এ মন্ত্রণালয় থেকে নির্ধারণ করা হয়েছে। কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি গাইডলাইন প্রকাশ করা হয়েছে। অতঃপর তিনি এক এক করে প্রতিটি কার্যক্রম সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন।<br>সভাপতি বাংলাদেশ শিশু একাডেমির প্রতিনিধির কাছে জানতে চান যে, শিশু একাডেমির লাইব্রেরি শুক্র ও শনিবার খোলা থাকে কিনা। শিশু একাডেমির প্রতিনিধি জানান যে, গত কিছু দিন যাবৎ লাইব্রেরি শুক্র ও শনিবার খোলা থাকে। সভাপতি নিয়মিতভাবে শিশু একাডেমির লাইব্রেরি শুক্র ও শনিবার খোলা রাখার নির্দেশনা প্রদান করেন।<br>মহিলা বিষয়ক অধিদপ্তর ও বাংলাদেশ শিশু একাডেমির গত অর্থবছরের সমাপ্ত প্রকল্পের সম্পদ হস্তান্তর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক ও বাংলাদেশ শিশু একাডেমির প্রতিনিধি সভায় জানান যে, সমাপ্ত প্রকল্পের ধারাবাহিকতায় একই দাতা সংস্থার নতুন প্রকল্প আসবে বলে ঐ দুটি প্রকল্পের সম্পদ হস্তান্তর করা হয়নি। | ১। বাংলাদেশ শিশু একাডেমির লাইব্রেরি সকল কার্যদিবসসহ শুক্র ও শনিবার খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সকল সমাপ্ত প্রকল্পের সম্পদ সরকারি নিয়ম অনুযায়ী হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। মহিলা বিষয়ক অধিদপ্তর ও বাংলাদেশ শিশু একাডেমিতে অব্যবহৃত গাড়ির তালিকা করে মেরামতযোগ্য গাড়িসমূহ বিধি মোতাবেক চলাচলের উপযোগী করে মন্ত্রণালয়কে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক বাংলাদেশ শিশু একাডেমি।<br><br>দপ্তর/সংস্থার প্রধানগণ।<br><br>মহাপরিচালক<br>১। মহিলা বিষয়ক অধিদপ্তর<br>ও<br>২। বাংলাদেশ শিশু একাডেমি। |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি ঐ দুটিসহ সকল সমাপ্ত প্রকল্পের সম্পদ সরকারি নিয়ম অনুযায়ী হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি মহিলা বিষয়ক অধিদপ্তর ও বাংলাদেশ শিশু একাডেমিতে অব্যবহৃত গাড়ির তালিকা করে মেরামতযোগ্য গাড়িসমূহ চলাচলের উপযোগী করে মন্ত্রণালয়কে জানানোর নির্দেশনা প্রদান করেন।<br><br>এছাড়া সভাপতি মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থাসহ সকল ওয়াশরুম যাতে নিয়মিতভাবে পরিস্কার রাখা হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান করেন। প্রয়োজনে গণপূর্ত বিভাগের পরিচ্ছন্নতা কর্মীদের এ মন্ত্রণালয় থেকে সহযোগিতা করারও সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থাসহ সকল ওয়াশরুম যাতে নিয়মিত ভাবে পরিস্কার রাখা হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-২ শাখা। |
| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার শুদ্ধাচার সংক্রান্ত যে কোন প্রাসঙ্গিক ইস্যু। | যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নতুন একটি কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। সেটি হলো 'সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ'। এ কার্যক্রম সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা হচ্ছে মন্ত্রণালয়/বিভাগসমূহ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করবে। যে সকল কর্মকর্তা গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ পেয়েছেন এবং গাড়ি ক্রয় করেছেন তারা যাতে অফিসের অন্য গাড়ি ব্যবহার না করেন এ বিষয়টি নিশ্চিত করতে হবে। সভাপতি এ বিষয়ে সকল কর্মকর্তাদের সতর্ক থাকার নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি গত অর্থ বছরের শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ মাথায় রেখে চলতি অর্থবছরে কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট শাখাসমূহকে যথাযথ পদক্ষেপ নেয়ার এবং কর্মপরিকল্পনা যথাসময়ে সঠিক নিয়মে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | ১। সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২২.০৯.২০২২
মোঃ হাসানুজ্জামান কল্লোল
সচিব

নং-৩২.০০.০০০০.০১৮.১৬.০২১.২২-৫৩৭ তারিখ: ০২.১০.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
০২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
০৫। মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরি ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৭। যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৬। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৭। সহকারী সচিব (সকল)/লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০২/১০/২০২২

মুহাম্মদ রেজাউল কবীর
(যুগ্মসচিব)
ফোন-০২-৫৫১০০৬৮৬